

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ



সংবাদকক্ষ : ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

সংবাদ গতিধারা

স্থানীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ,
গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা-৮০/২০২৩-২০২৪

ময়মনসিংহ, ৩১ ডিসেম্বর, রবিবার ২০২৩, ১৬ পৌষ ১৪৩০

আজকের স্থানীয় দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে:

- ০১। দ্বাদশ সংসদ নির্বাচনকে সামনে রেখে ইসির নানা নির্দেশনা
- ০২। নির্বাচনের মাঠে স্ট্রাইকিং ফোর্স হিসেবে সাড়ে ০৮ হাজার ব্যাটালিয়ন আনসার সদস্য
- ০৩। থার্টিফাস্ট নাইট উপলক্ষ্যে ডিএমপির ১২ নির্দেশনা
- ০৪। ময়মনসিংহে নাগরিক মতবিনিময় সভায় ব্রহ্মপুত্র নদকে বাঁচানোর আহ্বান

০১। দ্বাদশ সংসদ নির্বাচনকে সামনে রেখে ইসির নানা নির্দেশনা

আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন সুষ্ঠু, অবাধ ও নিরপেক্ষভাবে সম্পন্ন করতে নির্বাচন কমিশন (ইসি) বিভিন্ন নির্দেশনা জারি করেছে। ইসির উপসচিব মো. আতিয়ার রহমান স্বাক্ষরিত পরিপত্রে উল্লেখ করা হয়েছে, ভোটকেন্দ্রের নির্ধারিত ৪০০ গজ চৌহদ্দির মধ্যে নির্বাচনী প্রচারণার উদ্দেশ্যে পোস্টার, হ্যান্ডবিল বা কোনোপ্রকার প্রচারপত্র থাকলে তা ভোটগ্রহণ শুরু হওয়ার আগেই সরিয়ে ফেলতে হবে। ইসি উপসচিব মো. আতিয়ার রহমানের স্বাক্ষরিত অপর পরিপত্র থেকে নির্বাচনে প্রার্থীরা নির্বাচনী ব্যয়ের হিসাব না দিলে দুই থেকে সাত বছরের জেল হতে পারে এমন তথ্য জানানো হয়। অপর পরিপত্রে নির্বাচনে ভোটারদের বহনের জন্য প্রার্থীরা যানবাহন ব্যবহার করতে পারবেন না বলে নির্দেশনা দেয়া হয়েছে। এক্ষেত্রে রিটার্নিং কর্মকর্তাদের প্রয়োজনীয় ব্যবস্থা নিতে বলেছে সংস্থাটি। এদিকে প্রধান নির্বাচন কমিশনার কাজী হাবিবুল আউয়াল অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন আয়োজনে নির্বাচন কমিশন দৃঢ়প্রতিজ্ঞ বলে মন্তব্য করেছেন। শনিবার (৩০ ডিসেম্বর) সিলেট সার্কিট হাউসে জেলার ছয় আসনের প্রার্থীদের সঙ্গে মতবিনিময়কালে তিনি এ মন্তব্য করেন। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক নিউ টাইমস, আজকের বাংলাদেশ।

০২। নির্বাচনের মাঠে স্ট্রাইকিং ফোর্স হিসেবে সাড়ে ০৮ হাজার ব্যাটালিয়ন আনসার সদস্য

আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে আইনশৃঙ্খলা রক্ষায় ৮৫০০ ব্যাটালিয়ন আনসার সদস্য স্ট্রাইকিং ফোর্স হিসেবে মোতায়েন করা হয়েছে। শুকুবার (২৯ ডিসেম্বর) থেকে এসব আনসার সদস্য দায়িত্ব পালনে মাঠে নেমেছেন। আনসার সদর দপ্তরের উপপরিচালক ও জনসংযোগ কর্মকর্তা জাহিদুল ইসলাম জানান, ব্যাটালিয়ন আনসার সদস্যদের ২৯ ডিসেম্বর থেকে সারাদেশে মোতায়েন করা হয়েছে। আগামী ১৩ই জানুয়ারি পর্যন্ত নির্বাচনকালীন স্ট্রাইকিং ফোর্স হিসেবে মোতায়েন থেকে ২৫০টি প্লাটুন ও ৭৫০টি সেকশনে তারা দায়িত্ব পালন করবেন। নির্বাচনী এলাকায় শান্তি-শৃঙ্খলা রক্ষায় মোতায়েন আনসার ব্যাটালিয়ন সদস্যরা রিটার্নিং অফিসারের পরিকল্পনা অনুযায়ী নির্বাহী ম্যাজিস্ট্রেটদের নেতৃত্বে মোবাইল, স্ট্রাইকিং ও রিজার্ভ ফোর্স হিসেবে দায়িত্ব পালন করবেন। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক নিউ টাইমস, দৈনিক আজকের ময়মনসিংহ।

০৩। থার্টিফার্স্ট নাইট উপলক্ষ্যে ডিএমপি ১২ নির্দেশনা

থার্টিফার্স্ট নাইট উদযাপনকে কেন্দ্র করে ঢাকার নিরাপত্তা ও আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার স্বার্থে ১২ নির্দেশনা জারি করেছে ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি)। ডিএমপি কমিশনার হাবিবুর রহমান স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে এসব নির্দেশনা দেয়া হয়। পটকাবাজি, আতশবাজি, ফানুস ওড়ানো, অসভ্য আচরণ, বেপরোয়া গতিতে গাড়ি ও মোটরসাইকেল চালানোর মাধ্যমে রাস্তায় দুর্ঘটনা ঘটিয়ে অনাকাঙ্ক্ষিত পরিস্থিতির উদ্ভব, নৈতিক মূল্যবোধ পরিপন্থী কর্মকান্ড সাধারণ মানুষের স্বাভাবিক জীবনযাত্রাকে যেন ব্যাহত না করতে পারে, সে লক্ষ্যেই এসব নির্দেশনা জারি করা হয়েছে। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক নিউ টাইমস, দৈনিক আজকের ময়মনসিংহ।

০৪। ময়মনসিংহে নাগরিক মতবিনিময় সভায় ব্রহ্মপুত্র নদকে বাঁচানোর আহ্বান

শনিবার (৩০ ডিসেম্বর) ময়মনসিংহে এক নাগরিক মতবিনিময় সভায় ব্রহ্মপুত্র নদকে বাঁচানোর আহ্বান জানানো হয়েছে। ব্রহ্মপুত্র নদ ঘুরে প্রাণ-প্রকৃতি-পরিবেশ-প্রতিবেশ রক্ষা জাতীয় কমিটি ও বিক্ষণ ময়মনসিংহ সাহিত্য সংসদের পাঠচক্র প্রকল্প যৌথভাবে এ মতবিনিময় সভার আয়োজন করে। ময়মনসিংহ জেলা পরিষদের শিল্পাচার্য জয়নুল আবেদীন মিলনায়তনে এ সভা অনুষ্ঠিত হয়। সূত্র: দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস।

সম্পাদকীয়

- (ক) **দৈনিক স্বদেশ সংবাদ ও আজকের বাংলাদেশ:** অভিযোগ রয়েছে- দেশের দুর্নীতিগ্রস্ত খাতগুলোর মধ্যে অন্যতম একটি হলো পাসপোর্ট খাত। পাসপোর্টের আঞ্চলিক অফিসগুলো যেন দুর্নীতির আখড়ায় পরিণত হয়েছে। সরকার পাসপোর্ট অধিদপ্তরসহ এর সব আঞ্চলিক অফিস দুর্নীতিমুক্ত করতে পদক্ষেপ নেবে, এটাই কাম্য।
- (খ) **দৈনিক নিউ টাইমস:** ইলেকট্রনিক যন্ত্র আমাদের আধুনিক জীবনের অংশ হয়ে গেছে। তবে এ ইলেকট্রনিক যন্ত্রাংশ নষ্ট বা বিকল হয়ে যাওয়ার পর যথাযথভাবে রিসাইকেল না করা হলে তা হয়ে ওঠে ই-বর্জ্য, যা আমাদের স্বাস্থ্য ও পরিবেশের জন্য অত্যন্ত ঝুঁকিপূর্ণ। ই-বর্জ্য ব্যবস্থাপনায় সবাইকে সচেতন হতে হবে। সূত্র :দৈনিক সবুজ।
- (খ) **দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস:** হাসপাতালগুলোতে কমছে না ডেঞ্জুরোগীর সংখ্যা। এরই মাঝে জনমনে নিয়ে নতুন করে আতঙ্ক ছড়াচ্ছে কিউলেব্র মশা। যেহেতু আগামী কয়েক মাস কিউলেব্র মশার উপদ্রব আরো বাড়ার আশঙ্কা রয়েছে, ফলে এখনই কার্যকর পদক্ষেপ নেওয়া দরকার।

প্রবন্ধ/নিবন্ধ

- ০১। হারিয়ে যাচ্ছে গ্রাম বাংলার লোকসংস্কৃতি-রুপা আক্তার পাখি। সূত্র :দৈনিক স্বজন।
- ০২। সবার সঙ্গে বন্ধুত্ব, কারো সঙ্গে বৈরিতা নয়-হীরেন পন্ডিত। সূত্র -দৈনিক আজকের ময়মনসিংহ।
- ০৩। ভারত পাকিস্তানকে পেছনে ফেলে দক্ষিণ এশিয়ার বাংলাদেশ এগিয়ে-শহীদুল ইসলাম শূভ। সূত্র: দৈনিক সবুজ, দৈনিক নিউ টাইমস।

#